দৈনিক বাংলা

তারিখ ... 18 DEC 1990 ...
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 6 ...

27

জামাত শিবিরের অভিযোগ

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে তিন জোটের দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৭ই ডিসেম্বর।–চট্টগ্রাম তিন জোটের নেতৃবৃন্দ এক বিবৃতিতে চট্টগাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতিতে গভীর উৎকণ্ঠা প্রকাশ করেছেন। তাঁরা ক্যাম্পাসকে প্রকৃত মুক্তবুদ্ধি চর্চার ক্ষেত্র হিসাবে সুপ্রতিষ্ঠিত করতে স্বাধীনতা বিরোধী চক্রকে চক্রান্ত ও ষড়যন্ত্র থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে তারা বলেন, বর্তমান স্বৈরাচার বিরোধী আন্দোলনের ঐতিহাসিক প্রেক্ষাপটে দেশে প্রকৃত গণতান্ত্রিক বিধি ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে অবাধ ও নিরপেক্ষ সার্বভৌম সংসদের নির্বাচনের মাধ্যমে দেশকে সামরিক স্বৈরাচার মুক্ত করার বর্তমান পর্যায়ে বিশ্ববিদ্যালয়ে শিবির চক্রের কার্যক্রম কোনক্রমেই সহ্য করা যায় না।

তারা বিশ্ববিদ্যালয়কে অস্ত্রমুক্ত করা ও অস্ত্রধারীদের গ্রেফতারের মাধ্যমে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার দাবী জানিয়েছেন। বিবৃতিদাতারা হচ্ছেন ৮ ও ৫ দলের ১৮ জন নেতা।

এদিকে চাকসুর সহ-সভাপতি মোহাম্মদ নাজিমউদ্দীন ও সাধারণ সম্পাদক আজিমউদ্দীন এক বিবৃতিতে বলেন, একটি চিহ্নিত মহল কর্তৃক উপাচার্যের কার্যালয়ের ঘেরাওকালে উপাচার্যের সাথে সম্প্রতি অশোভন আচরণ করে। তারা এই ঘটনার তীব্র নিন্দা করেছেন।

**জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রশিবির**

জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রশিবির চট্টগ্রাম শাখার নেতৃবৃন্দ পৃথক পৃথক বিবৃতিতে বাংলাদেশের অন্যতম সর্বোচ্চ বিদ্যাপীঠের দায়িত্বশীল পদে আসীন উপাচার্য স্বীয় আসনে উপবিষ্ট হওয়ার পর থেকে তাঁর বিভিন্ন কর্মকান্ড, বিশেষত বিজয় উৎসব ও সংবাদ সম্মেলনে প্রদত্ত বক্তব্য থেকে এটাই প্রমাণিত হয় বিশ্ববিদ্যালয়ে তার পক্ষপাতমূলক আচরণের প্রতিবাদকারী ছাত্র-ছাত্রী ও শিক্ষক কর্মচারীদেরকে এবং একটি বিশেষ সংগঠনকে বিশ্ববিদ্যালয় থেকে উৎখাত করা যেন তিনি তার দায়িত্ব হিসাবে গ্রহণ করেছেন। যা দেশ ও জাতির জন্যে দুঃখজনক।

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি**

সমিতির সভাপতি অধ্যাপক ইউসুফ শরীফ ও সাধারণ সম্পাদক ডঃ আবুল কালাম আজাদ এক বিবৃতিতে বলেছেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সাম্প্রতিক গণ-আন্দোলনের সময় পদত্যাগ করা এবং শহীদদের গায়েবানা জানাজায় শরীক হওয়ার আহ্বান প্রত্যাখ্যান করেন। আবার তিনিই এখন গণআন্দোলনের বিজয়ের পর বিজয় মিছিলে নেতৃত্ব দিচ্ছেন।